DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 11:29 AM

খেলা

# নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ

প্রতিবেদক: ক্রীড়া প্রতিবেদক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০১ সেপ্টেম্বর ২০২৬, ০৮:৪৮ AM



নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্যাট করে বাংলাদেশ ২০ ওভারে ৮ উইকেটে ১২৯ রান তোলে। জবাবে ইন্দোনেশিয়ার ইনিংস থামে মাত্র ৫৮ রানে।

দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে বাংলাদেশকে ব্যাটিংয়ে পাঠায় ইন্দোনেশিয়া। শুরুটা ভালো হয়নি বাংলাদেশের। তৃতীয় ওভারে ৭ বলে ৮ রান করে আউট হন জুয়াইরিয়া ফেরদৌস। তখন দলের সংগ্রহ ছিল ১৬ রান।

এরপর দিলারা আক্তার ও সোবহানা মোস্তারি মিলে ইনিংস সামাল দেন। দিলারা ৩১ বলে চারটি চারে ২৭ রান করেন। ১০ম ওভারে ৫৬ রানে দ্বিতীয় উইকেট হারায় বাংলাদেশ। এরপর অধিনায়ক নিগার সুলতানা ১১ বলে ১০ রান করে ফেরেন।

বাংলাদেশের হয়ে সর্বোচ্চ রান করেন সোবহানা মোস্তারি। ৪২ বলে দুটি চার ও একটি ছক্কায় তিনি করেন ৪০ রান। শেষ পাঁচ ওভারে ৪০ রান তুলতে গিয়ে পাঁচটি উইকেট হারায় বাংলাদেশ। তবে স্বর্ণা আক্তারের ১৮ বলে ৩১ রানের ঝোড়ো ইনিংসে লড়াইয়ের মতো সংগ্রহ পায় দলটি।

শেষ পর্যন্ত ২০ ওভারে ৮ উইকেটে ১২৯ রান তোলে বাংলাদেশ। ইন্দোনেশিয়ার হয়ে নি আরিয়ানি ৩টি ও নি লুহ ২টি উইকেট নেন।

১৩০ রানের লক্ষ্যে নেমে শুরু থেকেই চাপে পড়ে ইন্দোনেশিয়া। বাংলাদেশের নিয়ন্ত্রিত বোলিংয়ের সামনে নিয়মিত বিরতিতে উইকেট হারায় তারা। কোনো ব্যাটারই বড় ইনিংস খেলতে পারেননি। শেষ পর্যন্ত ৫৮ রানেই গুটিয়ে যায় ইন্দোনেশিয়ার ইনিংস, নিশ্চিত হয় বাংলাদেশের ৭১ রানের জয়।

---

## এ বিভাগের আরও খবর




### জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত

ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...




### টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয়...




### তিন ইনিংসে তিন ডাক লিটনের

অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...




**মাত্র ৬৪ রানে অলআউট বাংলাদেশ**

অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজ শুরুর আগে ক্রিকেট অস্ট্রেলিয়া একাদশের বিপক্ষে ৫৪ রানে অলআউট হয়েছিল বাংলাদেশ। সেই ব্যর্থতাকে সরিয়ে দিয়ে ডারউইনে তা...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/nari-eshija-kape-indoneshijake-71-rane-haral-bangladesh